

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেট এর কার্যালয়, পাবনা
(জুডিসিয়াল মুন্সিখানা শাখা)
www.pabna.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৭৬০০.০৩৬.০৪.০০৪.২৪.

তারিখ : মাঘ ১৪৩০
ফেব্রুয়ারি ২০২৪

“১৪৪ ধারা জারী”

যেহেতু, আগামী ১৫-০২-২০২৪ তারিখ হতে এসএসসি, এসএসসি(ভোকেশনাল) এবং দাখিল ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষা-২০২৪ পাবনা পৌরসভা ও সদর উপজেলাধীন সংযুক্ত তালিকার পরীক্ষা কেন্দ্রসমূহে অনুষ্ঠিত হবে।

যেহেতু, উক্ত পরীক্ষা কেন্দ্রে আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ও শান্তি-শৃঙ্খলা ভঙ্গের আশঙ্কা রয়েছে এবং পরীক্ষা কেন্দ্রে বে-আইনী সংঘবদ্ধ জনতার দ্বারা নানাবিধ প্রতিবন্ধকতা ও বিঘ্নতা সৃষ্টি হতে পারে মর্মে আমার বিশ্বাস জন্মেছে।

সেহেতু, আমি মু: আসাদুজ্জামান, জেলা ম্যাজিস্ট্রেট, পাবনা পরীক্ষা অনুষ্ঠানের দিন উক্ত পরীক্ষা কেন্দ্রসমূহে শান্তি-শৃঙ্খলা রক্ষাকল্পে পরীক্ষা শুরু থেকে শেষ না হওয়া পর্যন্ত পাবনা পৌরসভা ও সদর উপজেলাধীন পরীক্ষা কেন্দ্র ও তার আশেপাশে “১৮৯৮ সালের ফৌজদারী কার্যবিধি” এর ১৩৪ ধারার বিধানমতে ১৪৪ ধারা জারী করলাম।

এ আদেশবলে উক্ত পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা শুরু হওয়ার ০১(এক) ঘণ্টা পূর্ব হতে শেষ হওয়ার ০১(এক) ঘণ্টা পর পর্যন্ত পরীক্ষা কেন্দ্রসমূহের ২০০(দুইশত) গজের মধ্যে পরীক্ষার্থী ও পরীক্ষার সাথে প্রত্যক্ষভাবে জড়িত ব্যক্তিবর্গ ছাড়া ০৫(পাঁচ) বা ততোধিক ব্যক্তির একত্রে সমাবেশ বা বে-আইনী জনতার প্রবেশ সম্পূর্ণ নিষিদ্ধ ঘোষণা করা হলো। পরীক্ষা কেন্দ্রের ২০০(দুইশত) গজের মধ্যে পরীক্ষা চলাকালীন সকল প্রকার মিটিং, মিছিল, মাইকিং বা এমপ্লিফায়ার ব্যবহার ও বাজানো, সকল প্রকার লাঠিসোটা, বিক্ষোভক দ্রব্য, আগ্নেয়াস্ত্র এবং অস্ত্রশস্ত্র বহন নিষিদ্ধ ঘোষণা করা হলো।

এ আদেশ আগামী ১৫-০২-২০২৪ তারিখ হতে পাবনা পৌরসভা ও সদর উপজেলাধীন সংযুক্ত কেন্দ্রসমূহে এসএসসি, এসএসসি(ভোকেশনাল) এবং দাখিল ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষা-২০২৪ শুরু হওয়ার ০১(এক) ঘণ্টা পূর্ব হতে শেষ হওয়ার ০১(এক) ঘণ্টা পর পর্যন্ত পরীক্ষা অনুষ্ঠানের দিনসমূহে বলবৎ থাকবে। সকল আইন প্রয়োগকারী সংস্থাকে এ আদেশ কঠোরভাবে পালন করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

সংযুক্ত : কেন্দ্র তালিকা

১৪৭


(মু: আসাদুজ্জামান)
জেলা ম্যাজিস্ট্রেট, পাবনা
ফোনঃ ০২৫৮৮৮৪৫৪৯৯
e-mail: dcpabna@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৭৬০০.০৩৬.০৪.০০৪.২৪. ১৭২

তারিখ : ২১ মাঘ ১৪৩০
২১ ফেব্রুয়ারি ২০২৪

অনুলিপি (জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. পুলিশ সুপার, পাবনা।
০২. অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি), পাবনা।
০৩. উপপরিচালক, র‍্যাভ-১২, পাবনা।
০৪. সিনিয়র জেলা তথ্য অফিসার, পাবনা। (তাকে উপর্যুক্ত আদেশটি অবিলম্বে পরীক্ষা কেন্দ্রের আশেপাশের এলাকায় মাইক দ্বারা ব্যাপক প্রচারের অনুরোধসহ)।
০৫. জেলা শিক্ষা অফিসার, পাবনা
০৬. অধ্যক্ষ/কেন্দ্র সচিব, -----, পাবনা।


১২/০২/২০২৪
জেলা ম্যাজিস্ট্রেট
পাবনা